

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শুংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১৬৭.২০১৫-

০০২৪

আদেশ

তারিখঃ ০৬.০৮.২০১৬খ্রিঃ

যেহেতু, ডাঃ মোঃ সারোয়াত হোসেন (১০৮৬৪৬), সহকারী অধ্যাপক (চঃদাঃ), কমিউনিটি মেডিসিন বিভাগ, রংপুর মেডিকেল কলেজ এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(ডি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'দুর্নীতি' এর দায়ে ১৯.০১.২০১৬ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.১৬৭.২০১৫-৩৬নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং গত ০৬.০৪.২০১৬ তারিখে তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, ডাঃ মোঃ সারোয়াত হোসেন (১০৮৬৪৬) রংপুর মেডিকেল কলেজ হাসপাতালের জন্য "ইকুইপমেন্ট এন্ড আদারস ইনস্ট্রুমেন্ট" ক্রয়ের লক্ষে গঠিত বাজার দর যাচাই কমিটির একজন সদস্য হিসেবে দায়িত্ব পালন করেন। পরবর্তীতে গত ০৯.০৮.২০১২ তারিখ এবং ১১.০৮.২০১২ তারিখে অনুষ্ঠিত বাজার দর যাচাই কমিটি সভায় অংশ গ্রহণ করেন। বাজার দর যাচাই কমিটিকে দরপত্রে উল্লিখিত ইকুইপমেন্ট গুলোর বর্তমান বাজার দর যাচাই করার জন্য পর্যাপ্ত সময় বরাদ্দ করা হয়নি এবং লিখিত অনুরোধ সত্ত্বেও রংপুর জেলার বাহিরে ঢাকায় গিয়ে বাজার দর যাচাই করার পর্যাপ্ত সময় দেয়া হয়নি। এছাড়াও গঠিত কমিটির সুপারিশ মোতাবেক কমিটিতে আরো ০৩জন সদস্য অন্তর্ভুক্ত করতে রাজি হননি। সার্বিকভাবে ডেন্টাল চেয়ার ক্রয়ের নিমিত্ত বাজার দর যাচাই কমিটির সদস্য হিসেবে সঠিকভাবে দায়িত্ব পালন না করে কর্তব্য কাজে অবহেলা করার কারণে উচ্চমূল্যে ডেন্টাল চেয়ার ক্রয়ে সরকারের আর্থিক অনিয়মে সহায়তা করার তঁর কোন সুযোগ ছিল না মর্মে প্রতীয়মান হল;

এক্ষণে, সেহেতু, ডাঃ মোঃ সারোয়াত হোসেন (১০৮৬৪৬), সহকারী অধ্যাপক (চঃদাঃ), কমিউনিটি মেডিসিন বিভাগ, রংপুর মেডিকেল কলেজ এর বিরুদ্ধে আনীত অভিযোগ, বিভাগীয় মামলার জবাব এবং সামগ্রিক বিষয়াদি বিবেচনাপূর্বক তাকে সতর্ক করা হল এবং ভবিষ্যতে আর্থিক নিয়মকানুন ও বিধিবিধান যথাযথভাবে অনুসরণপূর্বক দায়িত্ব পালনের পরামর্শ প্রদান করে বিভাগীয় মামলায় আনীত অভিযোগ থেকে অব্যাহতি প্রদানপূর্বক বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হল।

(বিমান কুমার সাহা এনজিসি)
অতিরিক্ত সচিব

উপপরিচালক

বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা।

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১৬৭.২০১৫-

৫৫৪১০০০

তারিখঃ ০৬.০৮.২০১৬খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। যুগ্মসচিব (এফএমএইউ), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৪। অধ্যক্ষ, রংপুর মেডিকেল কলেজ, রংপুর।
- ৫। উপসচিব (পার-১ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৬। উপপরিচালক (শুংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৭। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
- ৮। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৯। ডাঃ মোঃ সারোয়াত হোসেন (১০৮৬৪৬), সহকারী অধ্যাপক (চঃদাঃ), কমিউনিটি মেডিসিন বিভাগ, রংপুর মেডিকেল কলেজ, রংপুর।

(আসমা ভাসকিন)

উপসচিব

ফোনঃ ৯৫৪৫০২৮

sasdisc1@mohfw.gov.bd